



তারিখ: ১৪/১০/২০১৮

জগন্নাথ বিশ্ববিদ্যালয়
স্নাতক (সম্মান) ১ম বর্ষে ভর্তি পরীক্ষা ২০১৮-২০১৯
ইউনিট-১ (বিজ্ঞান শাখা)


ইউনিট-১ (বিজ্ঞান শাখা) মোট আসন সংখ্যা ১১৭৮ এর বিপরীতে প্রথম মেধা তালিকায় ৫৫০৭ জন
পরীক্ষার্থীর নাম প্রকাশ করা হল।

একজন ভর্তিচ্ছু পরীক্ষার্থীকে যা করতে হবে :

- প্রথমেই বিশ্ববিদ্যালয় ওয়েবসাইট (<http://admissionjnu.info>) এ প্রদত্ত প্রথম মেধা তালিকায়
আপনার রোল নম্বর আছে কিনা দেখে নিন।

মেধা তালিকায় আপনার রোল নম্বর থাকলে আপনাকে যা করতে হবে :

- আপনি এখন বিষয় পছন্দ (Subject Choice) করার সুযোগ পাবেন। মেধা তালিকায় স্থান এবং
বিষয় পছন্দ (Subject Choice) করার সুযোগ পাওয়া কোন অবস্থাতেই আপনার ভর্তি নিশ্চিত
করে না। কারণ, মোট আসন সংখ্যা অনুযায়ী সম্পূর্ণ মেধার ভিত্তিতে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করা হবে।
- বিষয় পছন্দ করার সময় সূচি: ১৬/১০/২০১৮ তারিখ দুপুর ১২:০০ টা হতে ২০/১০/২০১৮ তারিখ
রাত ১২:০০ টা পর্যন্ত।
- পরীক্ষার্থীকে অগ্রাধিকার ভিত্তিতে বিষয় পছন্দ করতে হবে। ওয়েবসাইটে প্রদর্শিত তালিকার সবগুলো
বিষয়কেই অগ্রাধিকার অনুযায়ী পছন্দ করতে হবে। অগ্রাধিকারের ভিত্তিতে বিষয় পছন্দ করা খুবই
গুরুত্বপূর্ণ। কারণ ভর্তির পরও শিক্ষার্থীর অগ্রাধিকার তালিকা অনুযায়ী স্বয়ংক্রিয়ভাবে বিভাগ পরিবর্তন
ঘটবে এবং শিক্ষার্থীকে সেটা মেনে নিতে হবে। পরবর্তী সময়ে পরীক্ষার্থীর প্রদত্ত বিষয় পছন্দক্রম কোন
অবস্থাতেই পরিবর্তন করা যাবে না। তাই ভর্তিচ্ছু ছাত্রছাত্রীকে ভেবেচিন্তে বিষয়ক্রম সাজাতে হবে।
- নির্দিষ্ট সময়ের মধ্যে বিষয় পছন্দ (Subject Choice) করতে না পারলে কোন বিষয়ে ভর্তির জন্য
বিবেচনার কোন সুযোগ থাকবে না।


(অধ্যাপক ড. কাজী সাইফুদ্দীন)

সমন্বয়ক, ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কমিটি ২০১৮-১৯
ইউনিট-১ (বিজ্ঞান শাখা)

ও

ডিন, লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদ
জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা।